

এইচএসসি-২০২৫ পরীক্ষা প্রস্তুতির

পূর্ণাঙ্গ মডেল টেস্ট-১

বিষয়ঃ বাংলা প্রথম পত্র (বহুনির্বাচনি
অংশ)

সময়ঃ ৩০ মিনিট

পূর্ণমানঃ ৩০

১. অনুপমের বাবা কী করে জীবিকা
নির্বাহ করতেন?

ক. ডাক্তারি খ. মাস্টারি

গ. ওকালতি ঘ. ব্যবসায়

২. হরিশ মানুষ হিসেবে কেমন ছিল?

হরিশ মানুষ হিসেবে কেমন ছিল?

ক. রসিক খ. গম্ভীর

গ. রাগী ঘ.

তোষামুদে

৩. 'আমার পথ' প্রবন্ধে কোনটিকে বড়
দাসত্ব বলা হয়?

ক. পরাবলম্বন খ. নিদ্রিয়তা

গ. গোলামির ভাব ঘ. মিথ্যা অবলম্বন

৪. কাজী নজরুল ইসলামের 'মৃত্যুক্ষুধা'

কী ধরনের রচনা?

ক. গল্প খ. নাটক গ. প্রবন্ধ

ঘ. উপন্যাস

৫. 'রেখাচিত্র' কোন জাতীয় রচনা?

ক. নাট্যগ্রন্থ খ. উপন্যাস

গ. কাব্যগ্রন্থ ঘ. দিনলিপি

৬. মানুষকে কী হিসেবে বেড়ে উঠতে
হবে?

ক. সাহসী খ. প্রগতিশীল

গ. শক্তিশালী ঘ. মানুষ

৭. 'মাসি-পিসি' গল্পের শকুন কিসের
প্রতীক?

ক. দীর্ঘশ্বাস খ. হাহাকার

গ. দুঃশাসন ঘ. দুঃসময়

৮. 'মাসি-পিসি' গল্পে প্রকাশ পেয়েছে-

i. নারী লাঞ্ছনা চিত্র

ii. তৎকালীন সমাজবাস্তবতা

iii. প্রান্তিক জীবনের অসহায়ত্ব

ক. i খ. i ও ii

গ. i ও iii ঘ. i, ii ও iii

৯. মানুষ যখন পতন আসে তখন পদে

পদে ভুল হতে থাকে- কথাটি কার?

ক. মহিউদ্দীনের খ.

শম্ভুনাথের

গ. শেখ মুজিবের ঘ. নুরুল হুদার

১০. ১৯৭০ সালের নির্বাচনে কোন দল

নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা লাভ করে?

ক. যুক্তফ্রন্ট

খ. কৃষক প্রজাপাটি

গ. সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট

ঘ. আওয়ামী লীগ

উদ্দীপকটি পড়ে ১১ ও ১২ নং প্রশ্নের

উত্তর দাওঃ

হত্যাকে উৎসব ভেবে যারা পার্কে,

মাঠে, হত্যাকে উৎসব ভেবে যারা

পার্কে, মাঠে, ক্যাম্পাসে, বাজারে বিষাক্ত

গ্যাসের মৃত্যুর বীভৎস গন্ধ দিয়েছে

ছড়িয়ে আমি তো তাদের জন্য এমন

সহজ মৃত্যু করি না কামনা।

১১. উদ্দীপকের সাথে 'রেইনকোট'

গল্পের কোন বিষয়টির সাদৃশ্য রয়েছে?

ক. বাঙালির বীরত্ব খ. বাঙালির
সাহসিকতা

গ. পাকবাহিনীর বর্বরতা ঘ.
পাকিস্তানিদের স্বার্থপরতা

১২. উদ্দীপকের আবহে 'রেইনকোট'
গল্পের যে দিকটি ফুটে উঠেছে-

- i. মুক্তিযুদ্ধের ভয়াবহ চিত্র
 - ii. পাকিস্তানিদের নিষ্ঠুরতা
 - iii. বাঙালির বিজয়গাথা
- নিচের কোনটি সঠিক?

ক.i খ. i ও ii গ. i ও iii
ঘ. i, ii ও iii

১৩. কত বছর বয়সে রবীন্দ্রনাথ
ঠাকুরের প্রথম কাব্য প্রকাশিত হয়?

ক. ১০ বছর খ. ১৫ বছর
গ. ২০ বছর ঘ. ২৫ বছর

১৪. নিচের কোনটি কাজী নজরুল
ইসলাম সম্পাদিত পত্রিকা?

ক. নবযুগ খ. সবুজপত্র
গ. অগ্নিশিখা ঘ. অগ্নিপত্র

১৫. কবির হাতে রয়েছে-

- i. মারণাস্ত্র
- ii. বাঁশের বাঁশরি
- iii. রণ-তূর্য

নিচের কোনটি সঠিক?

ক.i খ. i ও ii
গ. i ও iii ঘ.i, ii ও iii

১৬.'প্রতিদান' কবিতার রচয়িতা কে?

ক. সুকান্ত ভট্টাচার্য খ. জসীমউদদীন

গ. মহাদেব সাহা ঘ. শহীদ
কাদরী

১৭.'তাহারেই পড়ে মনে' কবিতায় কে
গন্ধে গন্ধে অধীর আকুল হয়েছে কিনা
জানতে চাওয়া হয়েছে?

ক. আমের মুকুল খ. দক্ষিণ দুয়ার
গ. দখিনা সমীর ঘ. বাতাবি
নেবুর ফুল

১৮. "সঁপে আত্মাকে শপথের
কোলাহলে"- "আঠারো বছর বয়স"
কবিতার চরণটিতে কী প্রকাশিত?

ক. সাহসিকতা খ.
সহমর্মিতা

গ. পদক্ষেপের দৃঢ়তাঘ. তারুণ্যের
ক্ষুধাতা

১৯.'সোনার তরী' কবিতাটি কোন ছন্দে
রচিত?

ক. মাত্রাবৃত্ত খ. স্বরবৃত্ত
গ. অক্ষরবৃত্ত ঘ. সনেট

২০.'নেহারি' শব্দের অর্থ কী?

ক. হার না মানা খ.
অনুসন্ধান করা

গ. প্রত্যক্ষ করে ঘ. মাথা নত
করে

উদ্দীপকটি পড়ে ২১ ও ২২ নং প্রশ্নের
উত্তর দাও

'গাহি সাম্যের গান,

মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু
মহীয়ান।"

২১.উদ্দীপকের ভাব 'প্রতিদান' কবিতার
কোন ভাবটিকে ধারণ করে?

ক. সাম্যবাদ

খ. প্রতিবাদ

গ. হিংসা-বিদ্বেষপূর্ণ মনোভাব

ঘ. জাগরণ চিন্তা

২২. উদ্দীপক ও 'প্রতিদান' কবিতায়

প্রকাশ পেয়েছে-

i. মানুষের প্রতি ভালোবাসা

ii. মানুষের প্রতি অবহেলা

iii. মানুষের শ্রেষ্ঠত্ব

নিচের কোনটি সঠিক?

ক. i

খ. i ও ii

গ. i ও iii

ঘ. i, ii ও iii

২৩. 'তাহারেই পড়ে মনে' কবিতাটি

প্রকাশিত হয়-

ক. ১৯৩২

খ. ১৯৩৩

গ. ১৯৩৫

ঘ. ১৯৩৬

২৪. 'আকাল' কাব্যগ্রন্থটি কে সম্পাদনা

করেছে?

ক. কাজী নজরুল ইসলাম

খ. সুকান্ত ভট্টাচার্য

গ. শামসুর রাহমান

ঘ. আল মাহমুদ

২৫. "খড়হম ষরাব ঘধনধন ঔধভধৎ

অষর কষধহ" সংলাপটি কার?

ক. রাজবল্লভ

খ. ক্লাইভের

গ. কিলপ্যাট্রিকের

ঘ. ক্লেটনের

২৬. কে প্রাণভয়ে কুকুরের মতো লেজ

গুটিয়ে পালিয়েছে?

ক. ক্লেটন

খ. রজার ড্রেক

গ. মানিকচাঁদ

ঘ. রায়দুলভ

২৭. 'যত বড় মুখ নয় তত বড় কথা'- এ

উক্তির মাধ্যমে বোঝানো হয়েছে-

i. বাঙালিদের কথা ইংরেজদের পছন্দ

হয় না

ii. ইংরেজদের কাছে বাঙালি তুচ্ছ জাতি

iii. ইংরেজদের দৃষ্টিতে বাঙালি কাপুরুষ

নিচের কোনটি সঠিক?

ক. i

খ. i ও ii

গ. i ও iii

ঘ. i, ii ও iii

২৮. মজিদের মুখে জমিলার থুথু নিষ্ক্ষেপ

কোন বিষয়টিকে প্রকাশ করে?

ক. গর্ব

খ. ক্ষোভ

গ. হিংসা

ঘ. ক্রোধ

উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০ নং প্রশ্নের

উত্তর দাও :

অচিনপুর গ্রামে একজন সাধু বাবার

আগমন ঘটেছে। তিনি নাকি ঝড়-বৃষ্টি

থামাতে পারেন, নদীর ওপর দিয়ে হেঁটে

যেতে পারেন। চাঁদকেও হাতের মুঠোয়

পুরতে পারেন।

২৯. উদ্দীপকের 'সাধু বাবা' 'লালসালু'

উপন্যাসের কোন চরিত্রের অনুরূপ?

ক. মজিদ

খ. মতলুব মিয়া

গ. দুদু মিয়া

ঘ. পীর সাহেব

৩০. এরূপ মিল হওয়ার কারণ-

i. তিনি সূর্যকে ধরে রাখেন

ii. তিনি হুকুম না দিলে নামাজের সময়

গড়ায় না

iii. তিনি মুরিদদের বেহেস্তে যাওয়ার

ব্যবস্থা করেন

নিচের কোনটি সঠিক?

ক.ি

খ. i ও ii

গ.ি ও iii

ঘ. i, ii ও iii

উত্তরমালা

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
খ	ক	ক	ঘ	ঘ	ঘ	ঘ	ঘ	গ	ঘ	গ	খ	খ	ক	গ
১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	২৮	২৯	৩০
খ	গ	গ	ক	গ	ক	খ	গ	খ	গ	খ	ঘ	ঘ	ঘ	খ



Eduexplain

One Place of education

www.eduexplain.com